ডিসেম্বরেই শ্রমিকদের নতুন মজুরি, একমত মালিক-শ্রমিকপক্ষ: মজুরি বোর্ড



ছবি: সংগৃহীত

তৈরি পোশাকশিল্পের শ্রমিকদের নতুন মজুরি কাঠামো আগামী ডিসেম্বর থেকে কার্যকর করার বিষয়ে সম্মত হয়েছেন মালিক ও শ্রমিকপক্ষের প্রতিনিধিরা। বুধবার (৪ নভেম্বর) রাজধানীর সেগুনবাগিচায় নতুন গঠিত নিম্নতম মজুরি বোর্ডের প্রথম সভা শেষে সংবাদ সম্মেলনে বোর্ডের সদস্যরা এ তথ্য জানান।

সাভার, আশুলিয়া ও গাজীপুরসহ বিভিন্ন শিল্পাঞ্চলে শ্রমিকদের ধারাবাহিক বিক্ষোভ ও সংঘর্ষের মধ্যে নতুন মজুরি কার্যকরের সময়সীমা নিয়ে এই ঐকমত্য হলো।

বর্তমানে পোশাকশ্রমিকদের ন্যূনতম মাসিক মজুরি ১২ হাজার ৫০০ টাকা। জীবনযাত্রার ব্যয় বেড়ে যাওয়ার কথা তুলে ধরে শ্রমিকেরা তা বাড়িয়ে ৩০ হাজার টাকা করার দাবি জানিয়ে আসছেন। একই সঙ্গে শ্রমিকদের কালো তালিকাভুক্ত করা এবং অন্যায়ভাবে ছাঁটাই বন্ধের দাবিও তুলেছেন তাঁরা।

শ্রমিক অসন্তোষের মধ্যে মজুরি কাঠামো পর্যালোচনার জন্য গত ১ নভেম্বর সরকার ছয় সদস্যের নতুন মজুরি বোর্ড গঠন করে। এরপর বোর্ডের প্রথম সভায় নতুন মজুরি কার্যকরের সময় নিয়ে মালিক ও শ্রমিক প্রতিনিধিরা একমত হন।

এদিকে শ্রমিকদের বিক্ষোভের প্রভাবে বিভিন্ন শিল্পাঞ্চলে কারখানার উৎপাদন ব্যাহত হচ্ছে। দফায় দফায় সড়ক অবরোধের কারণে অনেক কারখানায় সাময়িকভাবে উৎপাদন বন্ধ রাখতে হয়েছে।